



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
শুজলা ও আপিল বিভাগ

www.pallisanchaybank.gov.bd

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৩৮৩)২০২২-২৩(২০২৪-২৫)/ ৯৭৯

তারিখ: ০৫ - ১২-২০২৪

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ জুয়েল রানা (জে-১২৯০), মাঠ সহকারী (সাময়িক বরখাস্তকৃত), জেলা (আঞ্চলিক) কার্যালয়, টাঙ্গাইল-সংযুক্ত; ইতঃপূর্বে পল্লী সঞ্চয় ব্যাংক, বাউফল শাখা, পটুয়াখালী-এ দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের অভিযোগে আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২-এর ৫১(ক),(খ),(ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাতের দায়ে বিভাগীয় মামলা নম্বর ৬৭/২০২২-২৩ দায়েরপূর্বক ২৭/০৩/২০২৩ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(৩৮৩)/২০২২-২৩/১২১ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি অভিযোগনামার জবাব দাখিল করেন এবং বিভাগীয় মামলাটি তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তে তদন্ত প্রতিবেদন পেশ করেন;

০৩। যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনান্তে আপনি জনাব মোঃ জুয়েল রানা (জে-১২৯০), আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাতের দায়ে দোষী সাব্যস্ত করত আপনার পরবর্তী প্রাপ্য ০১(এক) টি বার্ষিক বেতন বর্ধন (০১/০৭/২০২৫) ০১(এক) বছরের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

০৪। এক্ষেপে, সেহেতু গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ জুয়েল রানা (জে-১২৯০), পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (ক) (আ) প্রবিধি মোতাবেক আপনার পরবর্তী প্রাপ্য ০১(এক) টি বার্ষিক বেতন বর্ধন (০১/০৭/২০২৫) এক বছরের জন্য স্থগিত রাখার আদেশ দেওয়া হলো। উক্ত ০১(এক) টি বার্ষিক বেতন বর্ধন (০১/০৭/২০২৫) আপনি কখনও প্রাপ্য হবেন না। এক বছর অতিক্রান্ত হওয়ার পর দ্বিতীয় বছর হতে (০১/০৭/২০২৬) আপনি যথারীতি বার্ষিক বেতন বর্ধন সুবিধা প্রাপ্য হবেন।

এছাড়াও আপনার উপর ২৭/০৩/২০২৩ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(৩৮৩)/২০২২-২৩/১২৮ নম্বর স্মারকমূলে আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো এবং সাময়িক বরখাস্তকাল (২৭/০৩/২০২৩ তারিখ হতে অত্র কর্মী সংক্রান্ত ঘোষণা জারির পূর্ব পর্যন্ত) বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার আদেশ দেওয়া হলো। আপনি সাময়িক বরখাস্তকালীন খোরাকিভাতা বাবদ গৃহীত অর্থের অতিরিক্ত কোন অর্থ প্রাপ্য হবেন না।


(সালমা বানু)

ব্যবস্থাপনা পরিচালক


জনাব মোঃ জুয়েল রানা (জে-১২৯০),
মাঠ সহকারী
পল্লী সঞ্চয় ব্যাংক
জেলা (আঞ্চলিক) কার্যালয়, টাঙ্গাইল।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৩৮৩)২০২২-২৩(২০২৪-২৫)/ ৯৭৯

তারিখ: ০৫ - ১২-২০২৪

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
০২. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।
০৩. প্রোগ্রামার, আইসিটি সিস্টেম বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় (ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের জন্য)।
০৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)
০৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, টাঙ্গাইল। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের ওয়েবসাইট হতে ডাউনলোড করে জনাব মোঃ জুয়েল রানা (জে-১২৯০) এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদ মারফত হস্তান্তরপূর্বক রশিদটি অত্র বিভাগে (keya@pallisanchaybank.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, পটুয়াখালী।
০৭. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাউফল শাখা, পটুয়াখালী।
০৮. সংশ্লিষ্ট নথি/মহানথি।


(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক